# নোহের মত যারা ঈশ্বরের সঙ্গে গমন করে ঈশ্বর তাদের রক্ষা করেন

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যয়ন S1b পাঠ করা উচিৎ।

**প্রার্থনা ঃ** ''হে আমাদের ত্রাণকর্তা ঈশ্বর, যাদের সঙ্গে তোমার সুসমাচার সহভাগিতা করেছি, অনুগ্রহ করে তাদের রক্ষা কর। যীশুর ফিরে আসা অবধি আমাদের সকল মন্দ থেকে রক্ষা কর এবং মৃত্যু থেকে আমাদের রক্ষা কর।''

**১. পরিত্রাণ উপভোগ করার জন্য আপনার দলকে প্রস্তুত করুন এবং পাপীদের ত্রাণকর্ত্তার প্রতি পরিচালিত করুন।**


**পটভূমি ঃ আদি ৬ঃ৫ - ৯ঃ১৯** পদ পর্য্যন্ত নোহের গল্পটি পাঠ করুন।

**আদি ৬ঃ৫-১৩** পদে খুঁজে দেখুন ঈশ্বর কেন তার লোকদের ধ্বংস করেছিলেন।

**আদি ৬ঃ৮-৯** ঈশ্বর কেন নোহ এবং তাঁর পরিবারের প্রাণ রক্ষা করেছিলেন।

**আদি ৬ঃ১৩-২২** পদে খুঁজে দেখুন, ঈশ্বর কিভাবে নোহ এবং তাঁর পরিবারকে মহাপ্লাবন থেকে রক্ষা করেছিলেন।

( উত্তর ঃ নোহ এবং তার পরিবার বড় জাহাজ নির্মান করে, তার মধ্যে প্রবেশ করেছিলেন বলে তারা ডুবে যান নি। ইব্রীয় ভাষায় 'আর্ক' শব্দটির অর্থ বড় বাক্স। নোহের আর্কটি ছিল একটি প্রকাণ্ড বাক্স যা জলের উপর নৌকার মত ভেসে থাকে।)



পুনরুত্থিত যীশু আমাদেরকে সমগ্র জাতির কাছে বলার জন্য আদেশ দিয়েছিলেন। এই বিষয়টি লূক ২৪ঃ৪৬-৪৮ পদথেকে তিনটি বিষয় খুঁজে দেখুন।

(উত্তর ঃ যীশুর মৃত্যু, তাঁর পুনরুত্থান এবং যতজন অনুতাপ করবে, তাদের প্রত্যেকের জন্য ঈশ্বরের ক্ষমার বিষয়টি।)

যীশু আমাদের রক্ষার জন্য যে দুটো মহান কাজ করেছিলেন তা লূক ২৪ঃ৪৬ পদ থেকে খুঁজে দেখুন।

(উত্তর ঃ ১) তাঁর রক্ত সেচনের মাধ্যমে ঈশ্বর আমাদের পাপ সমূহ ক্ষমা করেছেন, ১ যোহন ১ঃ৭, ২) তাঁর পুনরুত্থানের মাধ্যমে তিনি আমাদের নূতন অনন্ত জীবন প্রদান করেছিলেন। রোমীয় ৬ঃ৩-১৪ পদ।)

খুঁজে দেখুন ১) ইফিষীয় ২ঃ৬ পদ, কার মাধ্যমে আমরা স্বর্গে উত্থিত হয়েছি? ২) ১ করি ১২ঃ১-১৩ পদ, কে আমাদের যীশুর অনন্তকালীন দেহের মধ্যে স্থাপন করেছেন। ৩) ১ করি ১৫ঃ২১-২৩ পদ, কার মাধ্যমে আমাদের পুনরুত্থান আসে। ৪) রোমীয় ৬ঃ৩-১৪ পদ, নূতন পবিত্র জীবনে উত্থিত হওয়ার জন্য আমাদের কি বিষয়ে মৃত্যুবরণ করতে হবে। ৫) ১ পিতর ৩ঃ১৮-২২, নোহের জাহাজটি কিভাবে যীশুর পুনরুত্থিত দেহের বিষয় তাৎপর্য প্রকাশ করে।

(উত্তর সমূহ ঃ ১) খ্রীষ্ট। ২) পবিত্র আত্মা ৩) যীশু। ৪) পাপ। ৫) নোহের প্রকাণ্ড জাহাজটি খ্রীষ্টের পুনরুত্থিত দেহের সঙ্গে সাদৃশ্য প্রকাশ করে কারণ যীশুর দেহের ন্যায় ইহা একটি যানবাহনের কাজ করে, যার মধ্যে দিয়ে যারা ঈশ্বরের সঙ্গে গমন করেন তারা মৃত্যুর থেকে রক্ষা লাভ করে। আমরা খ্রীষ্টে তাঁর অনন্ত দেহে উত্থিত হয়েছি, এবং নূতন পবিত্র এবং অনন্ত জীবন লাভ করেছি। যীশুই আমাদের সেই জাহাজ।)

বাপ্তিস্মের সম্বন্ধে পিতর যে দুটি বিষয় স্পষ্ট করে দিয়েছেন তা ১ পিতর ৩ঃ২১ পদে খুঁজে দেখুন।

(উত্তর ঃ ১) জলদ্বারা মাংসের মালিন্য ত্যাগ। ২) সৎ সংবেদ।)

প্রাকৃতিক জল বা ঈশ্বরের থেকে আত্মিক শুচিতা, এই দুটি বিষয়ের মধ্যে বাপ্তিস্মের কোন্ বিষয়টি পরিত্রাণের প্রতি পরিচালিত করে?

(উত্তর ঃ পিতর স্পষ্ট করে দিয়েছেন যে আমাদের শরীরের মলিনতা ধোয়ার শারীরিক অনুষ্ঠানের দ্বারা আমরা পরিত্রাণ লাভ করি না, কিন্তু যাদের ঈশ্বরের বিষয় সৎ সংবেদ আছে তারা যীশুর পুনরুত্থানের মাধ্যমে ইহা লাভ করেন। উত্তম সংবেদ এর জন্য বিশ্বাস এবং অনুতাপ এর প্রয়োজন, যোহন ৩ঃ১৬ পদ; প্রেরিত ২ঃ৩৮)

দূতেরা যখন সদোম ও ঘমোরা ধ্বংস করছিল, তখন ঈশ্বর কিভাবে লোট এবং তার কন্যাদের মৃত্যুর হাত থেকে রক্ষা করেছিলেন সেই বিষয় আদি ১৭ঃ১৯-২২ পদে খুঁজে দেখুন।

(উত্তর ঃ দূতেরা তাদের শহর থেকে দূরে নিরাপদ স্থানে পাঠিয়ে দিয়েছিল।)

ঈশ্বর বিশ্বাসীদের আত্মিক মৃত্যু এবং অনন্তকালীন বিচার থেকে রক্ষা করেন তা ব্যাখ্যা করার জন্য শারীরিক মৃত্যু থেকে পরিত্রাণের যে দুটি ঘটনা পৌল উদ্ধৃত করেছেন তা ২ পিতর ২ঃ৪-৯ পদে খুঁজে দেখুন।

(উত্তর ঃ ১) ঈশ্বর নোহ এবং তার পরিবারকে মহা প্লাবনের থেকে উদ্ধার করেছিলেন ২) ঈশ্বর লোট ও তার পরিবারকে মহা অগ্নিকাণ্ড থেকে উদ্ধার করেছিলেন)

ঈশ্বর কিভাবে ইস্রায়েলীয়দের উদ্ধার করেছিলেন তা যাত্রা ১৪ঃ২১-৩১ পদে খুঁজে দেখুন।

(উত্তর ঃ তিনি তাদের উদ্ধার করার জন্য সমুদ্রকে দুভাগে বিভক্ত করেছিলেন এবং পরে সেই একই সমুদ্রে তাদের পশ্চাদ্ধাবণকারী মিসরীয় সৈন্যদের ডুবিয়ে দিয়েছিলেন।)

যারা যীশুর প্রতি আস্থা রাখেন তাদেরকে যীশু কি কি থেকে রক্ষা করেন সেই বিষয়গুলো খুঁজে দেখুন। ১) লূক ৭ঃ৩৬-৫০ পাপপূর্ণ লোকসমূহ। ২) মথি ৪ঃ২৩-২৫, অসুস্থতা। ৩) মার্ক ৬ঃ৩৪-৪২, ক্ষুধার্ত লোকদের। ৪) মার্ক ৫ঃ১-১৫, ভূত গ্রস্তদের। ৫) লূক ৭ঃ১১-১৬, যারা মারা গেছেন। ৬) লূক ১৭ঃ১২-১৯, অশুচি।

(উত্তর ঃ ১) তিনি তাদের পাপ ক্ষমা করেন। ২) তিনি তাদের আরোগ্য করেন। ৩) যীশু অল্প খাদ্যকে বহুগুন বৃদ্ধি করেছিলেন এবং অসংখ্য লোকদের আহার দিয়েছিলেন। ৪) তিনি লোকদের মন্দ আত্মা থেকে উদ্ধার করেছিলেন। ৫) কয়েকবার তিনি লোকদের মৃত্যু থেকে জীবনে উত্থিত করেছিলেন। ৬) তিনি দুষ্টদের শুচি করেছিলেন, যারা তাঁকে বিশ্বাস করেছিল।)

যারা যীশুকে বিশ্বাস করেন তাদের জন্য যীশু যা যা করেন তা এই পাঠ্য বিষয় থেকে খুঁজে বের করুন ঃ ১) যোহন ৬ঃ৩৯-৪৭ ২) মথি ২৫ঃ৩১-৪০ ৩) ১ থিষ ১ঃ৮-১০ ৪) কলসীয় ২ঃ১৫

(উত্তর ঃ ১) মৃত বিশ্বাসীদের সমাধি থেকে অনন্ত জীবনে উত্থিত করবেন। ২) তিনি যখন ফিরে আসবেন তখন তিনি বিশ্বাসীদের পুরস্কৃত করবেন। ৩) ঈশ্বরের আগতঃ ক্রোধ থেকে আমাদের রক্ষা করবেন। ৪) ভৌতিক শক্তির থেকে রক্ষা করবেন।)

ঈশ্বর যাতে আমাদের চিরকালের জন্য রক্ষা করেন, তার জন্য আমাদের অবশ্যই কি করতে হবে সেই বিষয়টি খুঁজে দেখুনঃ ১) ইফি ২ঃ৮-১০, ২) প্রেরিত ২ঃ৩৭-৩৮, ৩) ১ থিষ ১ঃ৮-১০, ৪) ইব্রীয় ৫ঃ৭-৯ পদ।

(উত্তর ঃ ১) বিশ্বাস ২) অনুতাপ ৩) স্বর্গ থেকে যীশুর আগমনের জন্য প্রতিক্ষা ৪) যীশুর বাধ্য হওয়া।)

২. **পরবর্তী সপ্তাহের কার্যকলাপের বিষয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

যারা আপনার উপাসক মণ্ডলী পরিদর্শন করেছেন তাদের ঘর পরিদর্শন করুন এবং তাদের পরিত্রান লাভের জন্য আমন্ত্রন জানান। অসুস্থ, নিরুৎসাহিত, পীড়িত লোকদের কাছে যান এবং তাদের জন্য প্রার্থনা করুন যাতে ঈশ্বর তাদের সমস্ত কষ্ট থেকে রক্ষা করেন।

৩. **পরবর্তী আরাধনার সভার জন্য আপনার সহকর্মীদের সঙ্গেপরিকল্পনা করুন।**

নোহের গল্পটি বলুন বা অভিনয় করুন।

ঈশ্বর কিভাবে লোকদের অসংখ্য মন্দ বিষয় থেকে রক্ষা করেন সেই বিষয়ে ব্যাখ্যা করুন।

শিশুদের তারা যে নাটকটি প্রস্তুত করেছেন তা উপস্থাপন করতে দিন। তাদের বড়দের কাছে প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন।

বিশ্বাসীদের ছোট ছোট দলে গঠন করতে হবে। তাদেরকে তাদের আত্মীয় স্বজন এবং বন্ধুদের পরিত্রাণের জন্য প্রার্থনা করতে দিন। প্রার্থনা করুন যাতে আপনার দেশের অবহেলিত গোষ্ঠীগুলোকে প্রভু রক্ষা করেন।

১ পিতর ৩ঃ২১-২৩ পদগুলো মুখস্থ করুন।

প্রভুর ভোজের বিষয়টি পরিচিতির জন্য ইস্রায়েলীয়গণ কিভাবে তাদের দরজায় রক্তের চিহ্ন দিয়ে মৃত্যু দূতের হাত থেকে রক্ষা পেয়েছিল, যে মৃত্যুদূত মিসরের প্রথম জাত শিশুদের হত্যা করেছিল, সেই গল্পটি সংক্ষেপে স্মৃতিচারনা করুন, যাত্রা ১২ঃ১-১৪ পদ। ব্যাখ্যা করুন কিভাবে আমরা প্রভু যীশুর রক্তে বিশ্বাসের মাধ্যমে পরিত্রাণ লাভ করেছি, প্রভুর ভোজের মাধ্যমে আমরা সেই বিষয়টিতে অংশগ্রহণ করি।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net